

নিম্নোক্ত কারণ সমূহের জন্য আপনার লিচু গাছে মুকুল আসার পরও গুটি কম হয়:

১। সঠিকভাবে পরাগায়ন না হলে।

প্রতিকার : পরাগায়ন বৃদ্ধি করার জন্য লিচুর বাগানে মৌমাছির চাষ করা।

২। লিচু গাছে জাত ভেদে উভলিঞ্জি ফুলের পরিমাণ কম বেশি হয়। উভলিঞ্জি ফুল কম হলেও লিচুর গুটি কম হয়।

৩। লিচু গাছে ফুল আসার পর পাউডারী মিলডিউ নামক ছত্রাকের আক্রমণ হলে এ রোগের আক্রমণে লিচুর ফুলে সাদা বা ধূসর বর্ণের পাউডারের আবরণ দেখা যায়। আক্রান্ত মুকুল নষ্ট হয় ও ঝরে পড়ে।

প্রতিকার: গাছে মুকুল আসার পর কিন্নু ফুল ফোটার আগে একবার এবং এর একমাস পরে আরেকবার টিল্ট ২৫০ ইসি ০.৫ মিলিলিটার অথবা কুমলাক্স/সালফোলাক ২ গ্রাম হারে প্রতিলিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে।

৪। ফল ছিদ্রকারী পোকা : ফলের বাড়ন্ত পর্যায়ে পূর্ণ বয়স্ক পোকা ফলের বোটার কাছে খোসার নীচে ডিম পাড়ে। ডিম থেকে কীড়া বের হয়ে বোটার নিকট দিয়ে ফলের ভিতরে ঢুকে বীজ খেতে থাকে। এতে অনেক অপরিপক্ক ও পরিপক্ক ফল ঝরে পড়ে।

প্রতিকার : বাগান পরিষ্কার রাখতে হবে। আক্রান্ত ফল বাগান থেকে কুড়িয়ে মাটির গভীরে পুতে ফেলতে হবে। এ পোকা দমনের জন্য রিপকর্ড/সিমবুশ/বাসাথ্রিন/ফেনোম প্রতি লিটার পানিতে ১ মিলি লিটার হারে মিশিয়ে ফলের মার্বেল অবস্থা থেকে শুরু করে ১৫ দিন পরপর ২-৩ বার স্প্রে করতে হবে। ফল সংগ্রহের অন্তত ১৫ দিন পূর্বে স্প্রে বন্ধ করতে হবে।